Total Pages : 3

# End Semester Examination of Semester–I, 2015

এম.এ. ২০১৫

পর্যায়—১

বিষয় : বাংলা

পত্র : ১

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

*The figures in the margin indicate the marks corresponding to the question*

*Candidates are requested to give their answers in their own word as far as practicable.*

*Illustrate the answers wherever necessary.*

## বিভাগ 'ক'

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১০x২=২০

১। ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের পরিবারগুলিকে কোন যুক্তিতে কেন্তম্ ও সতম্ শাখায় ভাগ করা হয়? দুটি শাখার একটি করে পরিবারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৩$\frac{১}{২}$+৩$\frac{১}{২}$=১০

২। প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। ১০

৩। মানোয়াল দ্য আসুম্পসাঁও-এর বাংলা ব্যাকরণটির সাধারণ পরিচয় দাও, বাংলা ব্যাকরণ চর্চার ক্ষেত্রে এর গুরুত্ব কোথায়? ৮+২=১০

৪। উত্তর ২৪ পরগণা জেলার উপভাষা সম্পর্কে লেখো। ১০

## বিভাগ—খ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৫x২=১০

৫। বাংলা ব্যাকরণচর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের দান কতখানি আলোচনা করো।

৬। টীকা লেখো: অপভ্রংশ।

৭। পালিভাষা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৮। বাঁকুড়া জেলার ভাষার শব্দগত নিজস্বতা আলোচনা করো।

## বিভাগ—গ

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২x৫=১০

৯। প্রাচীন ভারতের দুজন ব্যাকরণবিদের নাম লেখো। তাঁদের যে কোনও একজনের একটি গ্রন্থের নাম উল্লেখ করো।

১০। কোন্ কোন্ প্রাকৃত ভাষায় 'শ্' ও 'ষ্' 'স'-তে পরিবর্তিত হয়েছে?

১১। বৈদিক ভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।

১২। মাগধী প্রাকৃত থেকে বিবর্তনে জন্ম নেওয়া নব্য আর্যভাষার নামগুলি লেখো।

১৩। শৌরসেনী থেকে বিবর্তিত দুটি আধুনিক ভারতীয় ভাষার নাম লেখো।

১৪। রামমোহন রায়ের ইংরেজীতে রচিত বাংলা ব্যাকরণটির নাম ও প্রকাশকাল লেখো।

১৫। দুই মেদিনীপুরের কোন্ কোন্ ব্লকে ওড়িয়া ভাষার প্রভাব রয়েছে?

১৬। টিউটনিক বা জার্মানিক ভাষার ক'টি আঞ্চলিক রূপ? এগুলির নাম লেখো।

১৭। নব্য ভারতীয় আর্যভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৮। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভাষাতত্ত্ব বিষয়ক দুটি গ্রন্থের নাম প্রকাশসালসহ লেখো।